

সূত্র নং- বিএসইসি/ মুখপাত্র/০২/২০২৪/২২

তারিখ: ১৮ চৈত্র ১৪৩০ বঙ্গাব্দ
০১ এপ্রিল ২০২৪ খ্রিষ্টাব্দ

প্রেস বিজ্ঞপ্তি

বিষয়: দৈনিক যুগান্তরে প্রকাশিত সংবাদ প্রতিবেদন সম্পর্কে কমিশনের বক্তব্য।

বিগত ৩১ মার্চ ২০২৪ তারিখে দৈনিক যুগান্তর পত্রিকার প্রথম পাতায় 'পুঁজিবাজারে নজরদারি সফটওয়্যার: গোপন তথ্যভান্ডারে অবৈধ সংযোগ' শীর্ষক শিরোনামে প্রকাশিত সংবাদ প্রতিবেদন এবং পরবর্তীতে ০১ এপ্রিল তারিখে দৈনিক যুগান্তর পত্রিকার প্রথম পাতায় একই বিষয়ে 'সাভেইল্যান্স অনিরাপদ হলে আস্থা হারাতে শেয়ারবাজার' শীর্ষক শিরোনামে প্রকাশিত সংবাদ প্রতিবেদন দুটির বিষয়ে বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন(বিএসইসি) এর বক্তব্য নিম্নরূপ:

কমিশনের সাভেইল্যান্স ডিপার্টমেন্ট পুঁজিবাজারে প্রতিদিনের লেনদেন পর্যবেক্ষণ অথবা নজরদারি করে থাকে। দাপ্তরিক প্রয়োজনে অর্পিত দায়িত্বের কারণে বিএসইসি'র পরিচালক(সাভেইল্যান্স) কমিশনের সাভেইল্যান্স সংক্রান্ত ডাটা অথবা তথ্য পর্যালোচনাপূর্বক কমিশনে বিভিন্ন ধরনের প্রয়োজনীয় রিপোর্ট উপস্থাপন কাজের নেতৃত্ব প্রদান করেন। পুঁজিবাজার সংক্রান্ত সকল তথ্য স্পর্শকাতর হওয়ায় অন্যান্য বিষয়ের ন্যায় সাভেইল্যান্স ডিপার্টমেন্টের সকল ডাটা অথবা তথ্যের নিরাপত্তা ও গোপনীয়তা কমিশন কর্তৃক সার্বক্ষণিকভাবে নিশ্চিত করা হয়। পরিচালক(সাভেইল্যান্স) এর বিদ্যমান সংযোগটি কোন চক্রের মাধ্যমে নয় বরং দাপ্তরিক প্রয়োজনেই প্রদান করা হয়েছে এবং যা সুদীর্ঘকাল যাবত বলবৎ রয়েছে। তাই সংশ্লিষ্ট সকলকে উক্ত সংবাদে বিভ্রান্ত না হওয়ার অনুরোধ করা যাচ্ছে। এছাড়া প্রকাশিত সংবাদে তথ্য পাচার সংক্রান্ত যে বিষয়টি আলোচনায় এসেছে তা রহিত করার নিমিত্তে কোন সুনির্দিষ্ট তথ্য থাকলে প্রমাণকসহ কমিশনকে অবহিত করতে অনুরোধ করা যাচ্ছে।



মোহাম্মদ রেজাউল করিম
নির্বাহী পরিচালক ও মুখপাত্র